

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প  
পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯)  
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০  
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>  
ইমেইল: [onlinebris@gmail.com](mailto:onlinebris@gmail.com)

স্মারক নং: স্বাসবি/জন্মনিপ্র/প্রপকা/ডিজিআইএল-৫২/২০১৪-৬৪

তারিখ: ২৭-১০-১৪২১  
৯-২-২০১৫

বিষয়: প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) প্রদানের সুবিধার্থে বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় জন্ম নিবন্ধন সনদ প্রণয়ন প্রসঙ্গে।

আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিধান অনুযায়ী ২০১৫ সালের নভেম্বরের পরে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) ছাড়া কোন ব্যক্তিই বিদেশে ভ্রমণ করতে পারবেন না। এরই আলোকে প্রবাসে বসবাসকারী বিপুল সংখ্যক বাংলাদেশীর উক্ত সময়ের মধ্যে MRP নিশ্চিত করতে সরকার IRIS Corporation Berhad Consortium নামক একটি বেসরকারি প্রতিষ্ঠানকে নিয়োগ প্রদান করেছে। MRP প্রদানের জন্য জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ থাকা অপরিহার্য।

IRIS Corporation Berhad Consortium এর সহযোগী প্রতিষ্ঠান হিসাবে DG Infotech Ltd. প্রবাসীদের জন্ম নিবন্ধন ও পাসপোর্ট এর আবেদন প্রস্তুতের বিষয়ে কারিগরী সহায়তা প্রদান করেছে। তারা সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ও মালয়েশিয়ায় প্রবাসী ব্যক্তির জন্ম নিবন্ধন তথ্য অনলাইনে ব্যক্তির স্থায়ী ঠিকানায় অথবা সংশ্লিষ্ট মিশনে নিবন্ধনের জন্য পাঠাবেন। অনলাইনে আবেদন প্রেরণ ছাড়াও ইমেইলে বা ডাকে বা মিশনের ক্ষেত্রে হাতে হাতে আবেদনপত্র নিবন্ধক কার্যালয়ে পৌঁছে দেবে। প্রেরিত আবেদনে ব্যক্তির স্বাক্ষর (পাসপোর্টের অনুরূপ), তথ্যদাতা হিসাবে DG Infotech Ltd. এর প্রতিনিধির স্বাক্ষর ও হাতেলিখা পাসপোর্টের প্রয়োজনীয় অংশের ফটোকপি সংযুক্ত থাকবে।

প্রয়োজনীয় যাচাই বাছাই করে আবেদনটি সঠিক পাওয়া গেলে উপযুক্ত ফিস গ্রহণ করে নিবন্ধক জন্ম নিবন্ধন করবেন। নিবন্ধনের পর মিশন/দূতাবাসের ক্ষেত্রে জন্ম সনদটি ব্যক্তি বা ব্যক্তির পক্ষে DG Infotech Ltd. এর প্রতিনিধির নিকট এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড এর ক্ষেত্রে ব্যক্তির আত্মীয়-স্বজনের নিকট হস্তান্তর করতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে প্রবাসী বাংলাদেশীদের MRP প্রদান নিশ্চিত করার স্বার্থে উপর্যুক্ত প্রক্রিয়ায় জন্ম নিবন্ধন সনদ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


৩-১২-২০১৪ তারিখের স্মারক নং: স্বাসবি/জন্মনিপ্র/প্রপকা/ডিজিআইএল-৫২/২০১৪-৫১৪ এর অনুবৃত্তিক্রমে এই স্মারক জারী করা হলো।

কার্যার্থে:

- ১। মেয়র,..... সিটি কর্পোরেশন..... (সকল)
- ২। রাষ্ট্রদূত/হাইকমিশনার/মিশন প্রধান .....(সংশ্লিষ্ট)
- ৩। মেয়র,..... পৌরসভা,..... (সকল)
- ৪। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার,..... ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)
- ৫। চেয়ারম্যান,..... ইউপি,..... উপজেলা,..... জেলা।(সকল)

জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, পাসপোর্ট ও বহির্গমন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, DG Infotech Ltd., কারওয়ান বাজার, ঢাকা।



(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন- ৯৫৫৬৬০৬

ফ্যাক্স- ৯৫৫২৩৮১

মোবা-০১৭১৬ ২০৬৫৫৭